

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে
গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিড ওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০২..০১.০০১.১৯-৫০৮

তারিখঃ ১৫/১২/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ বিএসসিইন নার্সিং/ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি/ ডিপ্লোমা ইন মিডওয়াইফারি পরীক্ষায় অংশগ্রহণকারীদের জন্য বিশেষ বার্তা।

শতভাগ স্বচ্ছতার সাথে নিশ্চিত নিরাপত্তা ও গোপনীয়তা রক্ষা করে ২০১৯-২০ শিক্ষাবর্ষে বিএসসি ইন নার্সিং/ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি/ ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের ভর্তি পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলছে। ১৭/১২/২০১৯ থেকে ২১/১২/২০১৯ তারিখ পর্যন্ত সকল কোচিং সেন্টার বন্ধ থাকার সিদ্ধান্ত রয়েছে। সুষ্ঠু পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সরকারের নীতি নির্ধারণী মহল সজাগ রয়েছেন এবং আইন প্রয়োগকারী সংস্থা তৎপর রয়েছে। প্রতারকচক্রের অনৈতিক প্রলোভনে সাড়া না দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা যাচ্ছে। প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়ালে তথ্য প্রযুক্তি আইনের আওতায় ব্যবস্থা নেয়া হবে।

আগামী ২০/১২/২০১৯ খ্রিঃ তারিখ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় দেশের ০৮ টি বিভাগীয় পরীক্ষা কেন্দ্রের ২৯ টি ভেন্যুতে একযোগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকল পরীক্ষার্থীকে ৯.৩০ মিনিটের পূর্বেই কেন্দ্রে প্রবেশপত্র, রিফিল দেখা যায় এমন কালো বল পয়েন্টসহ পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে। কোন পরীক্ষার্থীকে ৯.৩০ মিনিটের পর কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না এবং ঘড়ি ও মোবাইলসহ কোন রকম ইলেক্ট্রনিক্স ডিভাইস নিয়ে কেন্দ্রে প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সাথে সংশ্লিষ্ট সকলের জন্য এটা প্রযোজ্য।

যেকোন অবৈধ কর্মকান্ড সম্পর্কে অবিলম্বে জানান।

প্রতারকচক্রের কোন অবৈধ কর্মকান্ড সম্পর্কে অবহিত হলে স্বাস্থ্য অধিদপ্তরের কন্ট্রোল রুম টেলিফোন নং- ০২-৯৮৫৫৯৩৩, মোবাইল নং ০১৭৫৯-১১৪৪৮৮, ০১৭৬৯-৯৫৪১৩৭ এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কন্ট্রোল রুম টেলিফোন নং-০২৩১৬১১৮২২, ০১৯৭৯১৮৬৯৭০ নম্বরে এবং নিকটস্থ আইন প্রয়োগকারী সংস্থাকে জানানোর জন্য সকলকে অনুরোধ করা যাচ্ছে। সার্বিকভাবে একটি পরিচ্ছন্ন ভর্তি পরীক্ষার সফল বাস্তবায়নে সকল মহলের সহযোগিতা একান্ত কাম্য।

সতর্ক বার্তা

বিএসসিইন নার্সিং/ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি/ ডিপ্লোমা ইন মিডওয়াইফারি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার সুযোগ নাই। পরীক্ষার্থীদেরকে গুজবে বিশ্বাস না করে, প্রতারণার জালে পা না দিয়ে নিবিড়ভাবে পড়াশুনায় মনোনিবেশ করে নিজ যোগ্যতা প্রদর্শনের জন্য উপদেশ দেওয়া যাচ্ছে। ২০/১২/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ মিনিটে কেন্দ্রে অবশ্যই প্রবেশ করতে হবে এবং ৯.৩০ মিনিটে কেন্দ্রের মূল ফটক বন্ধ হয়ে যাবে। কেন্দ্রের মূল ফটক সকাল ৮.০০ মিনিট থেকে খোলা থাকবে।

মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

অনুলিপি জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব, নার্সিং শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মন্ত্রীর একান্ত সচিব (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, পি এম আই এস। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচারের জন্য সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
- ৬। অধ্যক্ষ-মেডিকেল কলেজ / ঢাকা / চট্টগ্রাম / রাজশাহী / রংপুর/ বরিশাল/ সিলেট/ ময়মনসিংহ/ খুলনা, অধ্যক্ষ-নার্সিংকলেজ ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ রংপুর/ বরিশাল/ সিলেট/ ময়মনসিংহ/ নার্সিং ইনস্টিটিউট খুলনা (স্থানীয় পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)